DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 11:42 AM

খেলা

# মেসিকে আমরা ঘুম পাড়িয়ে দেব বলছে ইংল্যান্ড

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ১৩ জুলাই ২০২৬, ০১:৪২ PM



বিশ্বকাপের সেমিফাইনালে আর্জেন্টিনার মুখোমুখি হওয়ার খবর ইংল্যান্ডে বেশ আলোড়ন তুলেছে। এই ম্যাচ নিয়ে অনেকেই নিজেদের মতামত দিচ্ছেন। তবে সবার চেয়ে আত্মবিশ্বাসী মনে হয়েছে সাবেক মিডফিল্ডার জো কোলকে। বুধবার আটলান্টায় লিওনেল মেসির বিপক্ষে বিতর্কিত এক ভবিষ্যদ্বাণী করেছেন তিনি।

নেটফ্লিক্স স্পোর্টসের এক অনুষ্ঠানে গ্যারি লিনেকার, অ্যালান শিয়েরার ও মাইকা রিচার্ডসের সঙ্গে ছিলেন কোল। সবাই সাবেক ইংল্যান্ড খেলোয়াড়। সেখানে আলোচনা হয় ইংল্যান্ডের বিপক্ষে মেসির প্রথম ম্যাচ নিয়ে। ২০০২, ২০০৬ ও ২০১০ বিশ্বকাপ খেলা কোল চ্যালেঞ্জের সুরে বলেন, তাকে ঘুম পাড়িয়ে দিতে হবে। আমরা তাকে ঘুম পাড়িয়ে দেব। হ্যাঁ, একদম নিশ্চিতভাবে।

তখন উপস্থিত সবাই তাকে থামানোর চেষ্টা করেন। কোলের এই কথা শুনে তেঁতে গিয়ে মেসি যদি আবার দুর্দান্ত কোনো ম্যাচ খেলে বসেন, সেটা তারা কেউই চাননি। তারা বলেন, এভাবে বলো না। পরে দেখা যাবে। আমি এখনই বলে দিচ্ছি, আমরা বিশ্বকাপের ফাইনালে যাব।

রিচার্ডস অবশ্য মনে করেন, আর্জেন্টিনাকে হারাতে ইংল্যান্ডকে অনেক বেশি পরিশ্রম করতে হবে। কারণ আর্জেন্টিনার খেলোয়াড়রা ধূর্ত ও জয়ী মানসিকতার। তবে থমাস টুখেলের দলের শক্তির কথাও তুলে ধরেন তিনি। রিচার্ডস বলেন, আর্জেন্টিনার শক্তির বিপরীতে আমাদের গতি অনেক বেশি। আমরাই জিতব। আমি এটা হাড়ে হাড়ে অনুভব করছি।

মেসির বিপক্ষে কোলের এমন কড়া মন্তব্য অবাক করার মতো। কারণ এর আগে বহুবার প্রকাশ্যে মেসির প্রশংসা করেছেন তিনি। এমনকি ক্রিশ্চিয়ানো রোনালদোর চেয়েও মেসিকে এগিয়ে রেখেছিলেন তিনি। বিশ্বকাপের আগে কোল বলেছিলেন, আমার মনে হয়, রোনালদো হয়তো রাতে বালিশে মাথা রেখে ভাবেন, ইশ, আমি যদি মেসির মতো ভালো হতে পারতাম। মেসি ঠিক আছে। সবকিছু জেতা একমাত্র সেই। হ্যাঁ, একমাত্র সেই শান্তিতে ঘুমায়।

আগামী ১৬ জুলাই বিশ্বকাপের সেমিফাইনালে আর্জেন্টিনা খেলবে ইংল্যান্ডের বিপক্ষে। সেই ম্যাচের আগে যে এমন কথার লড়াই আরও চলতে থাকবে, তা বলাই বাহুল্য।

---

## এ বিভাগের আরও খবর



**ফ্রান্সকে হারিয়ে ১৬ বছর পর ফাইনালে স্পেন**

এই ফ্রান্সকে কে থামাবে?  গোটা বিশ্বকাপ জুড়ে এই ছিল সবচেয়ে বড় প্রশ্ন। যে দলটা নামলেই নিদেনপক্ষে দুটো গোল করেই দিচ্ছে, সেই দলটাকে হারাবে কে...



**ফ্রান্স-স্পেন সেমিফাইনাল, পরিসংখ্যানে এগিয়ে কারা?**

২০২৬ ফিফা বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে বাংলাদেশ সময় আজ (মঙ্গলবার) দিবাগত রাত ১টায় মুখোমুখি হচ্ছে ইউরোপের দুই শক্তিধর দল ফ্রান্স ও স্পেন। ট...





### জাঁকজমকপূর্ণ আয়োজনে মিশরীয় খেলোয়াড়দের বরণ

২০২৬ ফিফা বিশ্বকাপে নজরকাড়া পারফরম্যান্সের পর এখনও উৎসবের আবহে রয়েছে মিশর। যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় অনুষ্ঠিত আসরে প্রথমবারের মতো নকআ...



### সুপার কম্পিউটারের হিসাবে আর্জেন্টিনার চ্যাম্পিয়ন হওয়ার সম্ভাবনা কেমন

বিশ্বকাপের ট্রফি কার হাতে উঠবে তা দেখার অপেক্ষা আর দুই ম্যাচের। ৪৮ দলের মধ্যে এখন টিকে রয়েছে ৪ দল। সেই চার দল হচ্ছে ফ্রান্স, স্পেন, ইংল্যান্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/mesike-amra-ghum-padije-deb-blchhe-ingljand